

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৫৭(আগরতলা ২।১২)
অমরপুর, ২ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা

অমরপুর নগর পঞ্চায়েত ভিত্তিক দু'দিনব্যাপী সুশাসন শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রায় অমরপুর নগর পঞ্চায়েত ভিত্তিক দু'দিনব্যাপী সুশাসন শিবির অনুষ্ঠিত হয়েছে। শিবিরে নগর এলাকার অপরাজিতা স্বসহায়ক দলকে ইউকো ব্যাঙ্কের পক্ষ থেকে ৫ লক্ষ টাকার ঋণের চেক, ২ জন সুবিধাভোগীকে উজ্জ্বলা যোজনায় গ্যাস সংযোগ এবং তিনটি পরিবারকে রেশনকার্ড প্রদান করা হয়। অমরপুর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১৬টি ইনকাম সার্টিফিকেট, ১০টি পিআরটিসি, ৯টি ম্যারেজ, ৮টি ওবিসি, ১০টি এসসি সার্টিফিকেট পাওয়ার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। এছাড়া স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ২৫ জনকে আয়ুস্মান কার্ড, নগর পঞ্চায়েত থেকে ১২ জনকে ট্রেড লাইসেন্স প্রদান করা হয়। তাছাড়াও ৪৩ জন সুবিধাভোগীদের কাছ থেকে আরওআর সার্টিফিকেট পাওয়ার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। দু'দিনের এই শিবিরে নগর পঞ্চায়েতের সদস্য-সদস্যা সহ বিশিষ্টজনেরাও উপস্থিত ছিলেন।
